দৈনিক ইত্তেফাক

75

তারিখ ... AUG. 30 1999
পৃষ্ঠা ৪ কলাম ৩

## এসএসসি পরীক্ষা কেন্দ্র স্থাপনের আবেদন

জয়পুরহাট জেলার অন্তর্গত আক্কেলপুর উপজেলাধীন তিলকপুর এলাকায় ৮/১০ টি উচ্চ বিদ্যালয় রহিয়াছে। এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপজেলা পরীক্ষা কেন্দ্রে যাইতে হয়। কিন্তু থাকা, খাওয়া, যোগাযোগের ক্ষেত্রে পরীক্ষার্থীদের চরম দুর্ভোগ পোহাইতে হয়। তিলকপুর হইতে উপজেলা পরীক্ষা কেন্দ্রের দূরত্ব ১২ কিলোমিটার। রেলপথের যোগাযোগ থাকিলেও সাধারণ ও মেইল ট্রেনগুলি প্রায়শই সময়মত চলাচল করে না। বিভিন্ন প্রকার অসুবিধার কারণে উপজেলা পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের বড় কষ্ট ভোগ করিতে হয়। এমতাবস্থায় সার্বিক অবস্থা বিবেচনা করিয়া তিলকপুর উচ্চ বিদ্যালয়ে এসএসসি পরীক্ষা কেন্দ্র স্থাপনের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সনির্বন্ধ আবেদন জানাইতেছি।

মোঃ শাহানুর আলম,
গ্রাম ঃ গোপিনাথপুর,
ডাক ঃ জাফরপুর,
উপজেলা ঃ আক্কেলপুর,
জেলা ঃ জয়পুরহাট।